# কুয়েট উপাচার্যকে লাঞ্ছিত করায় বিশ্ববিদ্যালয় পরিষদের নিন্দা


শেকৃবি
সংবাদদাতা

২২ ফেব্রুয়ারি, ২০২৫ ১০:৫০

শেয়ার

অ +

অ -




সংগৃহীত ছবি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) উপাচার্যকে শারীরিকভাবে লাঞ্ছিত করার ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়েছেন দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের সংগঠন ‘বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ’।

শনিবার (২২ ফেব্রুয়ারি) পরিষদের কোষাধ্যক্ষ ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল লতিফ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে উপাচার্যরা এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, 'গত ১৮ ফেব্রুয়ারি কুয়েট ক্যাম্পাসে সংঘটিত অনাকাঙ্ক্ষিত সহিংসতার জের ধরে একদল শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়টির উপাচার্য এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সম্মানিত সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ মাসুদকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। একজন সম্মানিত উপাচার্যকে প্রকাশ্যে লাঞ্ছিত ও অপমানিত করে বিশ্ববিদ্যালয়ের শান্তিপূর্ণ পরিবেশকে অশান্ত করে তোলা হয়েছে যা কোনোভাবেই কাম্য নয়।

,

উপাচার্য ও শিক্ষকদের ওপর হামলা ঘৃণ্য ও গর্হিত অপরাধ। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ মনে করে, যেকোনো পরিস্থিতিতে শিক্ষার্থীদের মারমুখী আচরণ, বিশেষ করে উপাচার্যকে শারীরিকভাবে লাঞ্ছিত ও নিগৃহীত করা কঠোর শাস্তিযোগ্য অপরাধ।

পরিষদের সদস্যরা কুয়েটের উপাচার্যের ওপর হামলা এবং লাঞ্ছিত করার ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত করে দোষীদের উপযুক্ত শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে। একই সঙ্গে যেকোনো সমস্যা আলোচনার মাধ্যমে সমাধানের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানাচ্ছে।